তারিখ ... 22 AUG 1988 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ১ ...

দৈনিক বাংলা

007

দৈনিক বাংলা
ঢাকা, সোমবার, ৭ই ভাদ্র, ১৩৯৫ : ২২শে আগস্ট, ১৯৮৮

# কম্পিউটার প্রচলন

কম্পিউটার প্রযুক্তি ও তা ব্যবহার সম্পর্কে বাংলাদেশে যে আগ্রহ দেখা দিয়েছে তা বাস্তবভিত্তিক এবং আশাপ্রদ। সম্প্রতি কলেজ ও বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার প্রযুক্তি শিক্ষাদানের কোর্স প্রবর্তনের আহ্বান জানিয়ে কম্পিউটার সংক্রান্ত একটি জাতীয় কর্মশালা শেষ হয়েছে। বক্তারা ভাষা ও বিজ্ঞানের ক্ষেত্রে সীমাবদ্ধতা ও রক্ষণশীলতা দূর করার কথা বলেছেন।

বাংলাদেশে এখনও কম্পিউটারের ব্যবহার এতই সীমিত যে প্রায় নেই বললেই চলে। অথচ বিশ্বে কম্পিউটার বিজ্ঞান বহুদূর এগিয়ে গেছে। লেখাপড়া থেকে শুরু করে জীবন-যাত্রার সব ক্ষেত্রেই কম্পিউটারের ব্যাপক ব্যবহার সেখানে। চলতি দুনিয়া থেকে বাংলাদেশ বিচ্ছিন্ন থাকতে পারে না, একটা উন্নতিকামী দেশের পক্ষে এক্ষেত্রে পিছিয়ে থাকা কাম্যও নয়।

কলেজ ও বিশ্ববিদ্যালয় স্তরে কম্পিউটার কোর্স চালু করার প্রস্তাব ভাল, তবে আমাদের ধারণা শিক্ষার প্রথম পর্যায়েই সিলেবাস এমনভাবে বিন্যস্ত করা প্রয়োজন যাতে ছাত্রছাত্রীরা এর সঙ্গে ধীরে ধীরে পরিচিত হয়ে উঠতে পারে। বস্তুত ভবিষ্যতে শিক্ষার সমগ্র বিষয়ে কম্পিউটারের ভূমিকাই মুখ্য হয়ে দাঁড়াবে। উন্নত বিশ্বে সেরকমই ঘটছে। আমাদের দেশে প্রস্তুতিপর্ব চালু হওয়া দরকার।

কর্মশালায় গৃহীত প্রস্তাবে বাংলাদেশে ব্যবহৃত মুনির অপটিমার কী বোর্ড উন্নত করে কম্পিউটারে ব্যবহারের আহ্বান জানানো হয়। কম্পিউটারের আনুষঙ্গিক যন্ত্রপাতি আমদানীর সুযোগ সুবিধা সম্প্রসারণেরও আহ্বান জানান হয়। কম্পিউটার কোর্স চালু করতে হলে সে জন্যে প্রয়োজনীয় পরিস্থিতি অবশ্যই গড়ে তুলতে হবে। সংশ্লিষ্ট বিজ্ঞানীরা বাংলা ব্যবহারের উপযোগী কম্পিউটার সম্পর্কে তাদের গবেষণার কাজ সুষ্ঠু-ভাবে সম্পন্ন করতে পারবেন বলেই আশা করা যায়। কম্পিউটার সম্পর্কে এখনই আমাদের পুরোপুরি সচেতন হওয়া দরকার। কারণ অদূর ভবিষ্যতে জ্ঞানবিজ্ঞান চর্চা সম্পূর্ণ-ভাবেই কম্পিউটার নির্ভর হতে যাচ্ছে।